# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## গার্হস্থ্য বিজ্ঞান

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৫ | ১ |

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট  পূর্ণমান — ৫০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিম্নের উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ রাজিয়া নবম শ্রেণির ছাত্রী। সে বিজ্ঞান শাখায় সব সময় প্রথম ও সবচেয়ে বেশি নম্বর পায়। তার ইচ্ছা ভবিষ্যতে সে ডাক্তার হবে। সেজন্য সে কঠোর পরিশ্রম করে। সারাদিন সে পড়াশোনা নিয়ে ব্যস্ত থাকে। মেডিকেল কলেজে ভর্তির জন্যে সে সব ধরনের প্রস্তুতি গ্রহণ করছে। তাই সে এখনই একজন যোগ্য টিউটরের সন্ধান করছে।

ক. পরিবর্তনশীল সমাজের প্রভাব কিসের ওপর পড়ে? ১

খ. স্থায়ী লক্ষ্য বলতে কী বোঝ? ২

গ. রাজিয়ার লক্ষ্য অর্জনের ক্ষেত্রে তার করণীয় কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. রাজিয়ার লক্ষ্য অর্জনের জন্যে গৃহীত মধ্যবর্তীকালীন লক্ষ্য কি যথার্থ? বিশ্লেষণ করো। ৪

২.▶ হামিদা বাজেটের মাধ্যমে অর্থ পরিকল্পনা করেন। ফলে পারিবারিক ব্যয় সংকুলান করেও কিছু অর্থ তিনি ব্যাংকে সঞ্চয় করেন। তার বান্ধবী তাকে সম্পদের উপযোগ বৃদ্ধির পরামর্শ দিলেন। তিনি বলেন অর্থের বিনিময়ে পণ্য কেনা সম্ভব। কারণ সম্পদ পরস্পর নির্ভরশীল।

ক. কীভাবে সময় ও শক্তির সীমাবদ্ধতা নিয়ন্ত্রণ করা যায়? ১

খ. সম্পদের পরিবর্তনশীলতার উপায়সমূহের নাম লেখো। ২

https://teachingbd24.com

গ. হামিদা তার বান্ধবীর পরামর্শটি কীভাবে কাজে লাগাতে পারেন?— ব্যাখ্যা করো। ৩

ঘ. সম্পদের সুষ্ঠু ব্যবহারে সম্পদের পরস্পর পরিবর্তনশীল বৈশিষ্ট্য উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩.▶ ৭ম শ্রেণির শিক্ষার্থী জেরিন যৌথ পরিবারে বাস করে। বড় ভাবীর সাথে তার সম্পর্ক বন্ধুসুলভ। ভাবী তাকে এই বয়সের বিকাশমূলক কাজের সাথে পরিচয় করিয়ে দেন। কয়েকদিন পূর্বে হাসপাতালে তার ভাবীর যমজ মেয়ে হয়েছে। জেরিন অবাক হয়ে খেয়াল করল যে, যমজ হলেও মেয়ে দুটির চেহারা সম্পূর্ণ ভিন্ন।

ক. শিশুরা অনেক বেশি কৌতুহলী হয় কখন? ১

খ. প্রারম্ভিক বয়ঃপ্রাপ্তিকাল সম্পর্কে ব্যাখ্যা করো। ২

গ. জেরিন বিকাশের কোন স্তরে রয়েছে? ভাবী তাকে কোন বিষয়গুলো সম্পর্কে জানায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত যমজ শিশু দুইটির চেহারা ভিন্ন হওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

৪.▶ টুসি দশম শ্রেণিতে পড়ে। তাকে নিয়ে বাবা-মার অনেক স্বপ্ন। সে কীভাবে ভালো নম্বর পাবে, কীভাবে সবকিছুতে প্রথম হবে তাদের এই চিন্তা টুসিকে মানসিক চাপের মধ্যে রাখে। ফলে সে নিজের উপর আস্থা হারিয়ে ফেলছে ও হতাশ হয়ে পড়ছে।

ক. মানবজীবনের গুরুত্বপূর্ণ পর্যায় কোনটি? ১

খ. ইতিবাচক মানসিক চাপ বলতে কী বোঝ? ২

গ. অতিরিক্ত চাপ টুসির উপর কী ধরনের প্রভাব ফেলবে? ব্যাখ্যা করো। ৩

Teachingbd24.com

ঘ. তুমি কি মনে করো টুসির এই হতাশাগ্রস্ত অবস্থা থেকে বের করে আনা সম্ভব? মতামত দাও। ৪

৫.▶ তানিয়ার কিছুদিন হলো ত্বক অমসৃণ ও শুকনো দেখাচ্ছে। হাত পায়ে চর্মরোগের মতো হয়েছে। তানিয়া চিন্তিত হয়ে তার বোনকে দেখালো। তার বোন বলল তানিয়ার খাদ্য তালিকায় চর্বি জাতীয় খাদ্য অন্তর্ভুক্ত করতে হবে।

ক. ১ গ্রাম স্নেহ পদার্থ থেকে কত কিলোক্যালরি পাওয়া যায়? ১

খ. ভিটামিন 'সি'-এর অভাবজনিত রোগের লক্ষণ সম্পর্কে লেখো। ২

গ. তানিয়ার ত্বক অমসৃণ হওয়ার কারণ কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. তানিয়ার জন্য প্রয়োজনীয় খাদ্যের শ্রেণিবিভাগ করে দেখাও। ৪

৬.▶ কলিমউদ্দীন গ্রামে বসবাস করেন। শহরে তার ছেলের বাসায় এসে তার দুই নাতির দৈনিক রুটিনমাফিক কাজের ধরন দেখে অনুভব করলেন এই প্রজন্মের সন্তানরা যন্ত্রমানবে পরিণত হচ্ছে। পাশাপাশি তারা নানাবিধ দীর্ঘমেয়াদি জটিলতার দিকে ধাবিত হয়ে স্বাস্থ্যগত ঝুঁকির সম্মুখীন হচ্ছে।

ক. কোন রোগে লবণ নিয়ন্ত্রণ করা হয়? ১

খ. স্বাস্থ্যবিধি সম্পর্কে ব্যাখ্যা দাও। ২

গ. বর্তমান প্রজন্ম কোন ধরনের ঝুঁকির দিকে অগ্রসর হচ্ছে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. বর্তমান প্রজন্মকে নিয়ে কলিমউদ্দিনের আশঙ্কা থেকে পরিত্রাণের উপায় বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৭.▶ বর্ণিল ও বর্ষা দুই বোন। বর্ণিল দেখতে লম্বা, ফর্সা ও স্বাস্থ্যবান। অন্যদিকে বর্ষা দেখতে চিকন, ফর্সা ও খাটো প্রকৃতির। বর্ণিল এক বিয়ের অনুষ্ঠানে যাওয়ার জন্য খাড়া রেখার পোশাককে প্রাধান্য দেয় কিন্তু বর্ষা সমান্তরাল রেখার পোশাক পরিধান করে। বর্ণিলের মতে, পোশাক-পরিচ্ছদ উপলক্ষ, নিজের সামর্থ্য, ব্যক্তিত্ব ও অনুষ্ঠানের ভাবধারার প্রতি লক্ষ রেখে পরিধান করলে আত্মতৃপ্তির পাশাপাশি সবার কাছে প্রশংসা পাওয়া যায়।

ক. পোশাকের ডিজাইনের একটি অবিচ্ছেদ্য অংশ কী? ১

খ. দেহের ত্রুটি ঢাকতে পোশাকে আকৃতির প্রভাব ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত বর্ষা যে রেখার পোশাক পরেছিল তোমার মতে তা কি সঠিক ছিল? যুক্তি দাও। ৩

ঘ. বর্ণিলের শেষোক্ত উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৮.▶ রফিক মিয়া একটি দোকানে দর্জির কাজ করেন। বস্ত্র তৈরিতে দক্ষতা থাকায় তিনি একটি বেবি ফ্রক তৈরি করার ক্ষেত্রে প্রথমে ড্রাফটিং করে পরে সেলাই করলেন। এরপর ব্লক করে ফ্রকটিকে আকর্ষনীয় করে তুলেন। তার কাজের দক্ষতার জন্য সবাই তাকে প্রশংসা করে।

ক. ফতুয়া কোন ঋতুর জন্য উপযোগী? ১

খ. ব্লক তৈরির মাপ কীরূপ হবে? ২

গ. রফিক মিয়ার কাপড়ে নকশা করার পদ্ধতিটি ব্যাখ্যা করো। ৩

ঘ. রফিক মিয়ার যে ধরনের ফ্রক তৈরি করলেন তার সেলাই করা প্রক্রিয়াটি মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

# গার্হস্থ্য বিজ্ঞান

বিষয় কোড : | ১ | ৫ | ১ |

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ২৫

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কাজ, কর্মী ও সম্পদের মধ্যে সমন্বয় সাধন করাকে কী বলে?**

ⓚ পরিকল্পনা ⓚ নিয়ন্ত্রণ

ⓖ মূল্যায়ন ⓖ সংগঠন

**২. কাজে সফলতা অর্জনের জন্য কোন গুণটি থাকা প্রয়োজন?**

ক) বুদ্ধিমত্তা খ) সৃজনী শক্তি

গ) অধ্যবসায় ঘ) অভিযোজ্যতা

**৩. কোন গুণের মাধ্যমে অনেক কঠিন সমস্যার সমাধান করা যায়?**

ক) উদ্দীপনা খ) আত্মসংযম

গ) অভিযোজ্যতা ঘ) অধ্যবসায়

**৪. উপযোগ বৃদ্ধি করা যায় কয়টি উপায়ে?**

ক) দুটি উপায়ে খ) তিনটি উপায়ে

গ) চারটি উপায়ে ঘ) পাঁচটি উপায়ে

**৫. কিসের সীমাবদ্ধতা সার্বজনীন?**

ক) শক্তির খ) জ্ঞানের

গ) সুস্থতার ঘ) সময়ের

**৬. সায়মা বেগম ডাইনিং টেবিল চেয়ারকে ছেলেমেয়েদের পড়ালেখার কাজে ব্যবহার করেন। এটি সম্পদের কোন ধরনের ব্যবহার?**

ক) বিকল্প ব্যবহার

খ) বহুবিধ ব্যবহার

গ) বিনিময় ব্যবহার

ঘ) সময়োপযোগী ব্যবহার

**৭. একজন গৃহিণী তাঁর পরিবারের সদস্যদের মধ্যে কোনো কাজ ভাগ করে দিলে নিচের কোন বৈশিষ্ট্য পরিলক্ষিত হবে?**

i. সময় ও শক্তি বাঁচে

ii. পরিবারের সদস্যদের দায়িত্ববোধ জন্মে

iii. গৃহিণীর কাজের চাপ কমে যায়

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৮. কোন সময়কে শিশুর নবজাতক কাল বলা হয়?**

ক) জন্ম থেকে ৭ দিন

খ) জন্ম থেকে ১৪ দিন

গ) জন্ম থেকে ২১ দিন

ঘ) জন্ম থেকে ২৮ দিন

**৯. কার মৃত্যুতে সন্তান দিশেহারা হয়ে যায়?**

ক) বাবার

খ) মায়ের

গ) ভাইয়ের

ঘ) বোনের

**১০. নিম্নবিত্তদের বাজেটে খাদ্যখাতে আয়ের শতকরা কতভাগ বরাদ্দ করা হয়?**

ক) ২০ ভাগ খ) ৪০ ভাগ

গ) ৬০ ভাগ ঘ) ৮০ ভাগ

**১১. কাদের মধ্যে বিষণ্ণতা বেশি দেখা যায়?**

ক) মেয়েদের চেয়ে ছেলেদের

খ) ছেলেদের চেয়ে মেয়েদের

গ) শিশুদের চেয়ে বৃদ্ধের

ঘ) বৃদ্ধের চেয়ে শিশুদের

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও ঃ**

হেরা ৫ম শ্রেণির ছাত্র। হেরার দাঁতগুলো সুন্দর হওয়ায় তাকে হাসলে খুব সুন্দর দেখায়। কিন্তু কিছুদিন যাবৎ তার দাঁতের মাড়ি ফুলে যাচ্ছে এবং দাঁতের গোড়া দিয়ে রক্ত পড়ছে।

**১২. কোন ভিটামিনের অভাবে হেরা এই সমস্যায় ভুগছে?**

ক) ভিটামিন 'এ' খ) ভিটামিন 'বি'

গ) ভিটামিন 'সি' ঘ) ভিটামিন 'ডি'

**১৩. হেরার সুস্থতার জন্য কোন খাবারগুলো খাওয়া উচিত?**

ক) আমলকি, পেয়ারা, আমড়া, লেবু

খ) দুধ, দই, ছানা, কাঁটাযুক্ত ছোট মাছ

গ) পুঁই শাক, লালশাক,ডাঁটাশাক, ঢেঁড়শ

ঘ) ডিমের কুসুম, কলিজা, মাছ, মাংস

Teachingbd24.com

১৪. চরম মাত্রার বুদ্ধি প্রতিবন্ধীদের বুদ্ধ্যাঙ্ক কত?
ⓚ ২০ এর কম
ⓚ ৩৪ এর কম
ⓚ ৩৫ এর কম
ⓚ ৪৯ এর কম

(ক) ২০ এর কম
(খ) ৩৪ এর কম
(গ) ৩৫ এর কম
(ঘ) ৪৯ এর কম

১৫. কোন ধরণের তন্তুতে ব্লিচিং করা যায়?
(ক) রেশম (খ) পশম
(গ) সুতি (ঘ) লিনেন

১৬. শিশুদের ক্ষমতাকে বাড়িয়ে দেয় কোনটি?
(ক) স্নেহ (খ) ধৈর্য্য
(গ) প্রশংসা (ঘ) পরিশ্রম

১৭. ঢেঁড়শ কোন ধরনের প্রিন্টিং-এ ব্যবহৃত হয়?
(ক) হ্যান্ড ব্লক (খ) স্টেনসিল
(গ) রোলার (ঘ) স্ক্রিন

১৮. বস্ত্র ছাপার ইতিহাসে প্রথম ব্যবহৃত কৌশল কোনটি?
(ক) স্ক্রিন
(খ) স্টেনসিল
(গ) ব্লক
(ঘ) রোলার

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৯ এবং ২০ নং প্রশ্নের উত্ত দাও ঃ**

ফারিহা দেখতে রোগা ও লম্বা। সে খাড়া রেখার পোশাক পরিধান করতে পছন্দ করে। এতে তাকে আরও বেশি লম্বা মনে হয়।

১৯. ফারিহার জন্য কোন রেখার পোশাক উপযোগী?
(ক) সমান্তরাল (খ) তীর্যক
(গ) আঁকাবাঁকা (ঘ) বক্র

২০. ফারিহার পছন্দের পোশাক কোন ধরনের অনুভূতি আনে?
(ক) বিশ্রাম ও আরাম (খ) সততা ও সাহস
(গ) সংযম ও আরাম
(ঘ) নমনীয়তা ও সততা

২১. শিশুর হাত-পা বাঁকানো থাকলে সারানো যায়_
i. ব্যায়াম করে
ii. ব্যান্ডেজ করে
iii. স্বাভাবিক রেখে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. কঠিন কাজের পর হালকা কাজ করলে কী হয়?
(ক) উৎসাহ থাকে (খ) শিথিলতা আসে
(গ) আগ্রহ কমে যায় (ঘ) ঘুম পায়

২৩. অব্যবহৃত জিনিস থেকে সামগ্রী তৈরি করা যায় কিসের মাধ্যমে?
(ক) সৃজনশীলতার
(খ) ইচ্ছার
(গ) অর্থের
(ঘ) দক্ষতার

২৪. চিন্তা, চেতনা, অনুভূতি, বিশ্বাস ইত্যাদি ব্যক্তির কিসের সমষ্টি?
(ক) দক্ষতা (খ) চিন্তা
(গ) সামর্থ্য (ঘ) দৃষ্টিভঙ্গি

২৫. কর্মবন্টন করার পর গৃহ ব্যবস্থাপকের দায়িত্ব হলো-
i. কাজের তদারকি করা
ii. বিশ্রাম নেওয়া
iii. সদস্যদের প্রতি সহযোগিতার মনোভাব পোষণ করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | গ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ক |
| | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ক | ২০ | খ | ২১ | ক | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | খ | | |

Teachingbd24.com